



মাসিক

দুর্দক বার্তা

☎ 9353004-8 | ✉ info@acc.org.bd | 🌐 www.acc.org.bd

৯ম বর্ষ 🕒 ৩৮তম সংখ্যা 📅 সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ 🌟 আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ

এক নজরে



সম্পাদকীয়



প্রশিক্ষণ



বিচার ও দণ্ড



উল্লেখযোগ্য
মামলা




উল্লেখযোগ্য
চার্জশিট

সম্পাদকীয়

দুর্নীতি কোনো দেশের একক সমস্যা নয় বরং এটি বৈশ্বিক সমস্যা। মানব সভ্যতার প্রাচীনতম এই অপরাধ আধুনিক রাষ্ট্র ব্যবস্থাকে কণ্টকাকীর্ণ করে তুলেছে। দুর্নীতি যেন কুণ্ঠসিত অভিশাপ হয়ে মানব সভ্যতাকে চ্যালেঞ্জ করতে চায়। দুর্নীতির রূপ গিরগিটির মতো ক্রমাগত পরিবর্তিত হয়। চাণক্যের অর্থ শাস্ত্রে বিভিন্ন প্রকার দুর্নীতির চমকপ্রদ উদাহরণ পাওয়া যায়। বিশ্ব গণমাধ্যমেও বিভিন্ন দুর্নীতির সংবাদ দেখা যায়। দুর্ভাগ্যজনক হলেও সত্য যে বা যারা এ জাতীয় অপরাধের সাথে জড়িত তাদের অনেকে সামাজিকভাবে প্রতিষ্ঠিত, কেউ কেউ নিজেদেরকে অভিজাত বলে দাবিও করেন, আবার কেউ কেউ পেশাগত বা সামাজিকভাবে কম গুরুত্বপূর্ণ, তবে এরা সবাই অর্থ-বিশ্বের মোহে আচ্ছন্ন। এরা সবাই নির্লজ্জ, লোভী ও অবিরেচক এবং নৈতিকভাবে দেউলিয়া।

রবীন্দ্রনাথ ঠাকুরের “দুই বিঘা জমি” কবিতার এই চরণটি হতে পারে দুর্নীতির একটি চমৎকার উদাহরণ। চরণটি এমন-



পরে মাস দেড়ে ভিটে মাটি ছেড়ে
করিল ডিক্রি, সকলই বিক্রি
এ জগতে, হয়, সেই বেশি চায়
রাজার হস্ত করে সমস্ত

বাহির হইনি পথে-
মিথ্যা দেনার খাতে।
আছে যার ভূরি, ভূরি!
কান্ডালের খন চুরি।



বিশ্ব কবি এই চরণটির মাধ্যমে দুর্নীতির একটি তাৎপর্যপূর্ণ ব্যাখ্যা দিয়েছেন। মহাক্ষমতাব্যবহারের জমিদার বাবুর সর্বগ্রাসী লোভ জান-জালিয়াতির মাধ্যমে মিথ্যার আশ্রয়ে পরিপূর্ণ হয়েছিল। আধুনিক কালের দুর্নীতিও লোভ থেকেই উৎসারিত হয়।

সাধারণত লোভ ও নৈতিকতার অবক্ষয় থেকেই মানুষ দুর্নীতির পথে ধাবিত হয়। ভোগবাদিতার প্রতি মানুষের তীব্র আকর্ষণও দুর্নীতির অন্ধকার পঙ্কিল পথে মানুষকে পরিচালিত করে। দুর্নীতির পরিণতিও কিন্তু বেদনাদায়ক। আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় দুর্নীতি ফৌজদারি অপরাধ। এ অপরাধ কখনও তামাদি হয় না। অর্থাৎ অপরাধ সংঘটিত হলে আজ হোক বা কাল হোক তা আইনি তদন্তের সুযোগ রয়েছে।

দুর্নীতি এবং দুর্নীতিতে সম্পৃক্ত ব্যক্তিদের শাস্তি নিশ্চিত করা এখন বিশ্বব্যাপী আলোচিত বিষয়। বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে এখন দুর্নীতিপরায়ণদের শাস্তি হচ্ছে। জাতিসংঘ ঘোষিত দুর্নীতিবিরোধী কনভেনশনে স্বাক্ষরকারী দেশগুলো দুর্নীতি নিয়ন্ত্রণে বৈশ্বিকভাবেই অঙ্গীকারাবদ্ধ। তারপরও স্থান-কাল-পাত্র ভেদে দুর্নীতির সংজ্ঞা নিয়ে বিভ্রান্তি রয়েছে। সাধারণ মানুষ মনে করে নীতি বহির্ভূত যে কোনো কাজই দুর্নীতি।

নির্বাহী সম্পাদক: দুর্নীতি দমন কমিশন,
প্রধান কার্যালয়, ১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০
☎ 9353004-8 | ✉ info@acc.org.bd | 🌐 www.acc.org.bd

